স্ত্রীর ঋতুকালীন স্বামী ধৈর্যধারণ করতে পারে না।

প্রশ্ন

জনৈক স্ত্রীর মাসিক ঋতু সাতদিন স্থায়ী থাকে, স্বামী এ-সময় ধৈর্যধারণ করতে পারে না, যেহেতু তার যৌন চাহিদা প্রবল, তাই এ-সমস্যার সমাধানে কী করা উচিত?

উত্তর

আল-হামদুলিল্লাহ

স্ত্রীর ঋতুকালীন সহবাস ব্যতীত সবধরণের ভোগ-ক্রীড়া স্বামীর জন্য বৈধ। ঋতুবতী স্ত্রীর সাথে মেলামেশা সম্পর্কে জিজ্ঞাসা করা হলে, রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম বলেন : (اصْنَعُوا كُلَّ شَيْءٍ إِلا النِّكَاحَ)

“সহবাস ব্যতীত তার সাথে সবকিছু কর।” মুসলিম : (৩০২)

স্বামীর যৌনচাহিদা মিটানোর জন্য অন্য বৈধ উপায়ও রয়েছে, যেমন স্ত্রীর হাতের মাধ্যমে যৌন চাহিদা মিটানো। এর দলিল আল্লাহ তাআলার বাণী : (وَالَّذِينَ هُمْ لِفُرُوجِهِمْ حَافِظُونَ (29) إِلا عَلَى أَزْوَاجِهِمْ أَوْ مَا مَلَكَتْ أَيْمَانُهُمْ فَإِنَّهُمْ غَيْرُ مَلُومِينَ) المعارج/29-30 .

“আর যারা তাদের যৌনাঙ্গসমূহের হিফাজতকারী। তবে তাদের স্ত্রী ও তাদের ডান হাত যাদের মালিক হয়েছে সে দাসীগণের ক্ষেত্র ছাড়া। তাহলে তারা সে ক্ষেত্রে নিন্দনীয় হবে না।” সূরা মাআরেজ : (২৯-৩০) এ আয়াতের ব্যাপক অর্থ এর বৈধতা প্রদান করে।